24R/23A–2025 (BEN2102AE)

M.L.C. LIBRARY
G.L. CHOUDHURY COLLEGE

# 2025

# BENGALI

(AEC)

Paper : BEN2102AE

## *(Prayojanmulak Bangla Byakaran)*

*Full Marks : 50*

Time : Two hours

***The figures in the margin indicate full marks for the questions.***

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৫=৫

(ক) পদ পরিবর্তন করো ঃ *(যে-কোনো একটি)*

গ্রাম; ইতিহাস

(খ) বানান সংশোধন করো ঃ *(যে-কোনো একটি)*

বাল্মিকী; পিপিলিকা

(গ) শুদ্ধ রূপটি নির্ণয় করো ঃ

নিরপরাধ, নিরপরাধী, নিরাপরাধ, নিরাপরাধী



(ঘ) 'আণবিক' শব্দটি কী জাতীয় শব্দ, বিশেষ্য না বিশেষণ?

(ঙ) 'আবির্ভাব' শব্দটির বিপরীতার্থক শব্দ কি?

২। সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) ভিন্নার্থক শব্দের সংজ্ঞা নির্দেশ করো।

(খ) বিশেষণ থেকে বিশেষ্য-এ পদ পরিবর্তনের *দুটি* উদাহরণ উল্লেখ করো।

(গ) বানান যুগলের মধ্যে শুদ্ধ বানানটি নির্ণয় করো ঃ

পরিস্কার-পরিষ্কার; তিরস্কার-তিরষ্কার

(ঘ) 'অগ্নি' *অথবা* 'ঈশ্বর' *যে-কোনো একটি* শব্দের *দুটি* সমার্থক শব্দ লেখো।

(ঙ) 'মাথা' *অথবা* 'অঙ্ক' *যে-কোনো একটি* শব্দের *দুটি* ভিন্ন ভিন্ন অর্থ লেখো।

৩। নিম্নলিখিত *যে-কোনো তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৩=১৫

(ক) *যে-কোনো দুটি* বাগ্বিধির অর্থ নির্দেশ করে বাক্য রচনা করো ঃ $২\frac{১}{২}$×২=৫

গোবরে পদ্মফুল, চক্ষুদান, অরণ্যে রোদন, কলুর বলদ



(খ) নিম্নলিখিত *যে-কোনো দুটি* শব্দের ভিন্ন ভিন্ন অর্থ নির্দেশ করে বাক্য রচনা করো ঃ $২\frac{১}{২}$×২=৫

চোখ, ফল, উত্তর, গুণ

(গ) *যে-কোনো দুটি* কারকে 'এ' বিভক্তির প্রয়োগ দেখাও ঃ $২\frac{১}{২}$×২=৫

(ঘ) বিপরীতার্থক শব্দ লিখো ঃ *(যে-কোনো পাঁচটি)* ১×৫=৫

অসীম, উত্তম, নিন্দা, দয়ালু, উন্নতি, প্রজা, বালক

(ঙ) বাক্যগত অশুদ্ধি সংশোধন করো ঃ ১×৫=৫

*(১)* সহদেব রাজা পাণ্ডুর কনিষ্ঠতম পুত্র।

*(২)* তীব্র পিপাসায় সে আকণ্ঠ পর্যন্ত জলপান করিল।

*(৩)* রাজু হরির বিরুদ্ধে সাক্ষী দিতে পারে।

*(৪)* কার্তিক নিরপরাধী, সে কোনো দোষ করেনি।

*(৫)* দেবী বর দিয়াই অন্তর্ধান হইলেন।

৪। নিম্নলিখিত *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) ণত্ববিধি বলতে কী বোঝায়? উদাহরণসহ 'ণত্ববিধির' নিয়মাবলী উল্লেখ করো। ২+৮=১০

(খ) কারক বিভক্তি কাকে বলে? সাধারণত কোন্ কারকে কোন্ বিভক্তি যুক্ত হয় তা দৃষ্টান্তসহ আলোচনা করো। ২+৮=১০



(গ) সংবাদপত্রে বিজ্ঞাপিত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা পদের জন্য তোমার বয়স অভিজ্ঞতার উল্লেখসহ অসম সরকারের DPI মহোদয়ের নিকট একখানি আবেদন পত্র লেখো।

(ঘ) নিম্নে দেওয়া সংকেতের সাহায্যে একটি গল্প রচনা করো ঃ

দুই বন্ধুতে মিলে ভ্রমণ—দৈবযোগে সেখানে এক ভালুকের আগমন—ভালুককে দেখে একবন্ধুর গাছে আরোহণ—দ্বিতীয় বন্ধু একা ভালুকের সঙ্গে যুদ্ধ করা অসম্ভব ভেবে মৃতবৎ মাটিতে পড়ে থাকা—ভালুকের স্থান ত্যাগ—পুনরায় দুই বন্ধুর মিলন—কথাবার্তা—উপদেশে প্রদান।

---